

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিগ্রহণ-২ শাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪৮.৪৭.০২১.২৩-৪০

তারিখ: ২ ফাল্গুন ১৪৩২
১৫ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: ১৬/২০২১-২২ নম্বর এলএ মামলায় “বাখরাবাদ-মেঘনাঘাট হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ” প্রকল্পের জন্য কুমিল্লা জেলার মেঘনা উপজেলাধীন অধিগ্রহণকৃত ০৯টি মৌজায় ১৬.০২১৮ (ষোল দশমিক শূন্য দুই এক আট) একর ভূমির মধ্যে ১.৯২৪২ (এক দশমিক নয় দুই চার দুই) একর ভূমির অধিগ্রহণ কার্যক্রম বাতিলের জন্য পূর্বানুমোদন প্রদান সংক্রান্ত।

সূত্র: তাঁর কার্যালয়ের ০১/০১/২০২৬ তারিখের এলএ মামলা ১৬/২০২১-২২-০২ নম্বর স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, ১৬/২০২১-২২ নম্বর এলএ মামলায় “বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ” প্রকল্পের জন্য কুমিল্লা জেলার মেঘনা উপজেলাধীন অধিগ্রহণকৃত ০৯টি মৌজায় ১৬.০২১৮ (ষোল দশমিক শূন্য দুই এক আট) একর ভূমির মধ্যে ১.৯২৪২ (এক দশমিক নয় দুই চার দুই) একর ভূমি যে উদ্দেশ্যে অধিগ্রহণ করা হয়েছে সে উদ্দেশ্যে ব্যবহার না করা হলে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭-এর ১৯ ধারা অনুযায়ী পুনঃগ্রহণক্রমে (resume) ১নং খাস খতিয়ানভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

(মো: সাইফুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোন নং: +৮৮০২৯৫৬২৭৩০

ই-মেইল-1a2@minland.gov.bd

জেলা প্রশাসক
কুমিল্লা।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪৮.৪৭.০২১.২৩-৪০/১(০৮)

তারিখ: ২ ফাল্গুন ১৪৩২
১৫ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। প্রকল্প পরিচালক, “বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর” প্রকল্প, প্রধান কার্যালয়, প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলানগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ০৪। উপদেষ্টার একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
- ০৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। সিস্টেম এ্যানালিস্ট, ভূমি মন্ত্রণালয় (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি/মাস্টার কপি।

(মো: সাইফুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব